গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
www.sadar.jhenaidah.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৪১৯.০০০.৩৮.০০১.২৫- ১৩১৫ (মুক্ত)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ ব. / ০৫ অক্টোবর ২০২৫ খ্রি.

বিষয় : বেটা থেলাসেমিয়ায় আক্রান্ত শিশুর (বয়স-৬ বছর ০৯ মাস) চিকিৎসার জন্য সহযোগিতা প্রসঙ্গে।

সূত্র : জনাব মোঃ রাশেদুল ইসলাম (মিলন), পিতা- মোঃ আনোয়ার হোসেন, গ্রাম- হামদহ পূর্বপাড়া, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর ২৯/০৯/২০২৫ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ রাশেদুল ইসলাম (মিলন), পিতা- মোঃ আনোয়ার হোসেন, গ্রাম- হামদহ পূর্বপাড়া, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ তার কন্যা শিশু (বয়স ৬ বছর ৯ মাস) **বেটা থেলাসেমিয়া** রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীদের নিকট হতে অর্থ সংগ্রহে সহযোগিতার আবেদন করেছেন। আবেদনকারী একজন দরিদ্র চা বিক্রেতা ও তার কন্যা শিশুকে প্রতি মাসে ২ বার 'বি' নেগেটিভ রক্ত দিতে হয় এবং বোন মেরুর প্রতিস্থাপনসহ ভারতে চিকিৎসার জন্য প্রায় ২১,০০,০০০/- (একুশ লক্ষ) টাকা প্রয়োজন এবং ইতোপূর্বে সরকারীভাবে কিছু অর্থ পাওয়া গেলেও আর পাওয়ার সম্ভাবনা নেই মর্মে তিনি জানান।

এমতাবস্থায়, ছোট শিশুর জীবন রক্ষার্থে মানবিক বিবেচনায় উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও শিক্ষার্থীদের নিকট হতে অর্থ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণপুর্বক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ননা মোতাবেক- ০১ (এক) ফর্দ।

05.10.25
হোসনেআরা
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
☎ ঃ ০২৪৭৭৭৪৭০০৬
unojhenaidah@mopa.gov.bd

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- ০৫.৪৪.৪৪১৯.০০০.৪৫.০০১.২৫-১৩১৫(মুক্ত)/2(২০০)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ ব. / ০৫ অক্টোবর ২০২৫ খ্রি.

অনুলিপি- অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার .................................................................... কলেজ, বিদ্যালয়/মাদ্রাসা, ঝিনাইদহ সদর।

05.10.25
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

১
প্রাপ্তি নং............... তারিখ. ৩০/৯/২৫

| | |
|---|---|
| অফিস সুপার | অতিরিক্ত/জরুরী/পেশ করুন/নিষ্পত্তি |
| হিসাব সহকারী | |
| অফিস সহকারী | |
| সার্টিফিকেট সহকারী | উপজেলা নির্বাহী অফিসার ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। |

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

বিষয় : বেটা থেলাসেমিয়ায় আক্রান্ত কন্যার (বয়স ৬ বছর ৯ মাস) এর চিকিৎসার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও শিক্ষার্থীদের নিকট হতে অর্থ সংগ্রহের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদানের আবেদন।

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ রাশেদুল ইসলাম (মিলন), পিতা- মোঃ আনোয়ার হোসেন, গ্রাম- হামদহ পূর্বপাড়া,ঝিনাইদহ এর কন্যা ঝিনাইদহ অক্সফোর্ড প্রি-ক্যাডেট স্কুলের প্লে শ্রেণীর মেধাবী ছাত্রী (বয়স ০৬ বছর ০৯ মাস)। সে জন্মলগ্ন থেকে বেটা থেলাসেমিয়া নামক রোগে আক্রান্ত। তাকে প্রতিমাসে দুইবার (B- (Negative) রক্ত শরীরে পুষ করতে হয়। কন্যার চিকিৎসার জন্য তার স্থাবর/অস্থাবর সম্পত্তি ও কিছু জমানো অর্থ সবকিছুসহ এ পর্যন্ত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় হয়ে গেছে এবং বর্তমানে প্রতিমাসে দুইবার (B- (Negative) রক্ত শরীরে পুষ করা চলমান আছে। গত ১৪/০৪/২০২৫ খ্রিঃ তারিখে চিকিৎসার জন্য ভারতের ভ্যালোরে কন্যাকে চিকিৎসার জন্য ভারতে নিয়ে যাওয়া হয়, **ভারতের ডাক্তার ডাঃ ভিকরাম মেথিউস** চিকিৎসা দেন, এবং বলেন যে, **অপারেশনের মাধ্যমে পুত্রের বোন মেরু নিয়ে কন্যার শরীরে পুষ করাতে হবে।** উক্ত অপারেশন করাতে **ভারতীয় রুপি-১৫,০০,০০০/- (পনের লক্ষ) যা বাংলাদেশী টাকায়- ২১,০০,০০০/- (একুশ লক্ষ) টাকা।** আমি সামান্য একজন চা ও পান বিক্রেতা। ইতোপূর্বে কন্যার চিকিৎসার জন্য সরকারিভাবে যৎসামান্য অর্থ পাওয়া গিয়েছে, বর্তমানে কন্যার চিকিৎসার জন্য সরকারিভাবে আর কোন অর্থ পাওয়া সম্ভাবনা নেই, বিধায় আমার কন্যার জীবন রক্ষার্থে স্থানীয়ভাবে অর্থ সংগ্রহ প্রয়োজন।

এমতাবস্থায় আমার কন্যা শিশুটির চিকিৎসার উপরোক্ত ব্যয় নির্বাহ করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-শিক্ষার্থীদের নিকট হতে আর্থিক সহযোগিতা প্রাপ্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করতে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক :

মোঃ রাশেদুল ইসলাম (মিলন)

তারিখ : ২৯-০৯-২০২৫ খ্রিঃ।

(মোঃ রাশেদুল ইসলাম (মিলন)
পিতা- মোঃ আনোয়ার হোসেন
গ্রাম- হামদহ পূর্বপাড়া,ডাকঘর-ঝিনাইদহ
উপজেলা- ঝিনাইদহ সদর
জেলা- ঝিনাইদহ
মোবাইল নং- ০১৭২৪-০৫৬৯৯৩।